



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
রাজস্ব ভবন  
এফ-১/এ, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা।  
[কাস্টমস: ক্লাসিফিকেশন এ্যান্ড এ্যাডভান্স রুলিং শাখা]

নথি নং-০৮.০১.০০০০.০৫৪.০১.০০১.২০২৩/ ১২

তারিখ: ১৭ আগস্ট, ২০২৩ খ্রিঃ।

কাস্টমস রুলিং (অগ্রিম) নং- ৩১/২০২৩

বিষয়ঃ আমদানিত্ব “Parts of Sanitary Ware (Parts of Water Closet)” নামক পণ্যের শ্রেণীবিন্যাস বিষয়ক অগ্রিম রুলিং।

সূত্রঃ Bitopi International এর ১৯/০৩/২০২৩ খ্রিঃ তারিখের দাখিলকৃত আবেদন।

Bitopi International নামক প্রতিষ্ঠান “Parts of Sanitary Ware (Parts of Water Closet)” নামক পণ্যের শ্রেণীবিন্যাস বিষয়ে অগ্রিম রুলিং চেয়ে জাতীয় রাজস্ব বোর্ডের অগ্রিম রুলিং ইউনিট বরাবর নির্ধারিত ফরম-এ আবেদন করেছেন।

(ক) আবেদনকারীর পরিচিতি:

|                   |   |
|-------------------|---|
| আবেদনকারীর নাম    | Bitopi International  |
| আবেদনকারীর ঠিকানা | 3/A, Kamal Ataturk Avenue (4 <sup>th</sup> Floor), Gulshan-2, Dhaka-1212. |

(খ) রুলিং সংশ্লিষ্ট পণ্যের বিবরণ:

|   |  |
|---|--|
| পণ্যের জেনেরিক, বাণিজ্যিক এবং প্রচলিত নাম       | Parts of Sanitary Ware (Parts of Water Closet) |
| যে ভৌত অবস্থায় (Form) প্রকৃতিতে আমদানি করা হবে | Unit   |
| উৎস দেশ (কান্ট্রি অব অরিজিন)                    | Thailand/China                                 |
| আমদানিকারক কর্তৃক প্রস্তুত শ্রেণীবিন্যাস        | 7324.29.00                                     |

২। আবেদনকারীর ঘোষণা অনুযায়ী আমদানিয় পণ্যের বিবরণ:

Sanitary ware parts হিসেবে ব্যবহারের জন্য Parts of Sanitary Ware (Parts of Water Closet) নামক পণ্যটি Unit প্রকৃতিতে আমদানি করা হবে।

৩। বর্ণিত পণ্যের সঠিক শ্রেণীবিন্যাস এবং শ্রেণীবিন্যাসের পক্ষে যুক্তি:

আমদানিকারক Bitopi International কর্তৃক Water Saving Concealed Tank ঘোষণায় পণ্য আমদানির লক্ষ্যে অগ্রিম রুলিং এর আবেদন করা হয়েছে। পণ্যটির এইচ এস কোড ঘোষণা করা হয়েছে 7324.29.00। আমদানিকারকের আবেদনের সাথে সংযুক্ত Brochure এবং সরবরাহকৃত নমুনা পর্যবেক্ষণে প্রতীয়মান হয় যে, পণ্যটি মূলত প্লাস্টিকের তৈরি Flushing Cisterns যা একটি ধাতব ফ্রেমের মাধ্যমে দেয়ালে সংযুক্ত করা হবে। পণ্যটিকে Essential Character প্রদানকারী অংশটি প্লাস্টিকের তৈরি হওয়ায় এবং হেডিং 39.22 এর Terms এ Flushing Cisterns সুস্পষ্টভাবে উল্লেখিত থাকায় GIR 3(a) অনুসারে সার্বিক বিবেচনায় পণ্যটি এইচ এস কোড 3922.90.00 তে শ্রেণীবিন্যাসিত হবে। কাস্টমস রুলিং (অগ্রিম) বিধিমালা, ২০১৬ এর বিধি ৯ মোতাবেক এই অগ্রিম রুলিং জারি করা হলো।

৪। অগ্রিম রুলিং এর কার্যকারিতা:

এই অগ্রিম রুলিং জারি হওয়ার তারিখ হতে ১৮ (আঠার) মাস পর্যন্ত কার্যকর থাকবে।

৫। আবেদনকারীর জন্য গুরুত্বপূর্ণ তথ্য:

- (ক) এই অগ্রিম রুলিং এর কার্যকারিতা থাকাকালীন তৎকর্তৃক আমদানিতব্য পণ্যের জন্য বাংলাদেশের সকল কাস্টমস স্টেশনে ব্যবহার করতে পারবে।
- (খ) এই অগ্রিম রুলিং এ সংকুক্ষ হলে রুলিং প্রাপ্তির তারিখ হতে ৬০ (ষাট) কার্যদিবসের মধ্যে তা রিভিউ এর জন্য অগ্রিম রুলিং ইউনিট বরাবরে লিখিতভাবে আবেদন করতে পারবে। রিভিউ আবেদনে উক্তরূপ আবেদনের যৌক্তিকতা সবিস্তারে উল্লেখ করতে হবে।

স্বাক্ষরিত/-১৭.০৮.২০২৩

(মোঃ মাসুদ সাদিক)

সদস্য (গ্রেড-১) (কাস্টমস: নীতি ও আইসিটি)

ও

সভাপতি, অগ্রিম রুলিং ইউনিট

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

কমিশনার অব কাস্টমস


কাস্টম হাউস, চট্টগ্রাম/ ঢাকা/ বেনাপোল/ আইসিডি (কমলাপুর)/ মোংলা/ পানগাঁও।

নথি নং-০৮.০১.০০০০.০৫৪.০১.০০১.২০২৩/ ১২(২৭)

তারিখ: আগস্ট, ২০২৩ খ্রি।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১-১৬। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/ (দক্ষিণ)/ (পূর্ব) / (পশ্চিম)/চট্টগ্রাম/ রাজশাহী/ সিলেট/কুমিল্লা/খুলনা/ঘূশোর/রংপুর/বৃহৎ করদাতা ইউনিট (মুসক)/ (আপীল) ঢাকা-১/ (আপীল) ঢাকা-২/(আপীল) চট্টগ্রাম/(আপীল) খুলনা।
- ১৭-২০। মহাপরিচালক, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা/শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা/নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মূল্য সংযোজন কর, ঢাকা/কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, চট্টগ্রাম।
- ২১-২২। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (উত্তর)/ঢাকা (দক্ষিণ)/চট্টগ্রাম।
- ২৩। কমিশনার, কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা।
- ২৪। প্রথম সচিব (কাস্টমস নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
- ২৫। দ্বিতীয় সচিব (কাস্টমস নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
- ২৬। ব্যবস্থাপনা পরিচালক, Bitopi International, 3/A, Kamal Ataturk Avenue (4<sup>th</sup> Floor), Gulshah-2, Dhaka-1212.
- ২৭। সিপ্টেম্বর ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা (ওয়েব-সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)

  
(মুকিতুল হাসান)

দ্বিতীয় সচিব

কাস্টমস: ক্লাসিফিকেশন এন্ড এ্যাডভান্স রুলিং

ও

সদস্য সচিব, অগ্রিম রুলিং ইউনিট

ই-মেইল: nbrclassification@gmail.com